রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১০, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

লেজিসলেটিভ ড্রাফটিং উইং

## প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৬শে চৈত্র, ১৪০৬/৯ই এপ্রিল, ২০০০

এস, আর, ও নং-৮৭-আইন/২০০০, আম/প্রঃ/ড্রাফটিং-১৪/৯৯— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, লেজিসলেটিভ ড্রাফটিং কর্মকর্তা (আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়) নিয়োগ বিধিমালা, ১৯৯৮ সংশোধন করিলেন, যথা ঃ

উপরি-উক্ত বিধিমালার,

১। বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৭। ক্রান্তিকালীন বিশেষ বিধান।— (১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, —

(ক) এই প্রতিস্থাপিত বিধি কার্যকর হওয়ার ৬০ দিনের মধ্যে বিচার কর্ম বিভাগে সহকারী জজ, সিনিয়র সহকারী জজ বা সাবজজ, অতিরিক্ত জেলা জজ, এবং জেলা জজ পদে কর্মরত কোন কর্মকর্তা (তিনি নিজ ক্যাডারের মূল পদে কিংবা প্রেষণে অন্যত্র সমপদে নিযুক্ত থাকিলেও) তৎকর্তৃক লিখিতভাবে আত্মীকরণ হওয়ার অভিপ্রায় ব্যক্ত করিয়া যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিলে



মূল্য ঃ টাকা ২.০০

তাহাকে এই বিধিমালার অধীনে যথাক্রমে সহকারী সচিব (ড্রাফটিং), সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং), উপ-সচিব (ড্রাফটিং), এবং যুগ্ম-সচিব (ড্রাফটিং) পদে আত্মীকরণ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, উপরে উল্লেখিত কোন আবেদনকারী ড্রাফটিং উইং-এর কোন নির্ধারিত পদে আত্মীকরণ লাভের জন্য আবেদন করার পর এবং বাছাই কমিটি কর্তৃক সুপারিশ প্রদত্ত হওয়ার পূর্বেই যদি বিচার বিভাগীয় উচ্চতর পদে নিয়োগপ্রাপ্ত হইয়া যোগদান করেন, তাহা হইলে তিনি বিচার বিভাগীয় উক্ত উচ্চতর পদের সমপদে ড্রাফটিং উইং-এ আত্মীকরণের জন্য যোগ্য বিবেচিত হইতে পারিবেন ঃ

আরো শর্ত থাকে যে, এই দফার অধীনে কোন আবেদন করা যাইবে না, যদি প্রচলিত সরকারী কর্মচারী অবসর সম্পর্কিত আইন অনুসারে, উল্লেখিত আবেদনের তারিখ হইতে অবসর গ্রহণের তারিখ পর্যন্ত সহকারী সচিব (ড্রাফটিং), সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং), উপ-সচিব (ড্রাফটিং), এবং যুগ্ম-সচিব (ড্রাফটিং) পদে আবেদনকারী প্রার্থীর যথাক্রমে অন্যূন চৌদ্দ, বার, দশ ও আট বৎসর চাকুরীকাল অবশিষ্ট না থাকে।

(খ) উপরে উল্লিখিত আত্মীকরণ পূর্ববর্তী দফা (ক)-এ আবেদনের জন্য নির্ধারিত ৬০ দিনের পরবর্তী ৯০ দিবসের মধ্যে তদ্‌উদ্দেশ্যে গঠিত বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হইবে।

(গ) একই পদের জন্য একাধিক কর্মকর্তা প্রার্থী হিসাবে আত্মীকৃত হওয়ার জন্য আবেদন করিলে, ঐ সকল প্রার্থীদের মধ্যে যাহার লেজিসলেটিভ ড্রাফটিং বিষয়ে অভিজ্ঞতা, বিশেষ প্রশিক্ষণ বা ডিগ্রী থাকিবে, তিনি সুপারিশের জন্য প্রাধিকার প্রাপ্ত হইবেন।

(ঘ) একই পদে দুই বা ততোধিক কর্মকর্তাকে বিচার কর্ম বিভাগ হইতে আত্মীকরণ করা হইলে, বিচার কর্ম বিভাগে যিনি জ্যেষ্ঠতর ছিলেন, তিনিই জ্যেষ্ঠতর হইবেন।

(২) উপ-বিধি (১) এর অধীনে আত্মীকৃত কোন কর্মকর্তা আত্মীকৃত পদে যোগদান করার পর তাহার পূর্বপদে, অফিস বা ক্যাডারে প্রত্যাবর্তন করিতে পারিবেন না।

(৩) এই বিধির উদ্দেশ্য সাধনকল্পে একটি বাছাই কমিটি থাকিবে যাহা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, মন্ত্রণালয়ের সচিব, মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ড্রাফটিং উইং-এর জ্যেষ্ঠতম কর্মকর্তা এবং সংস্থাপন মন্ত্রণালয়ের পক্ষে মনোনীত একজন কর্মকর্তা সমন্বয়ে গঠিত হইবে। মন্ত্রণালয়ের মন্ত্রী উক্ত কমিটির চেয়ারম্যান এবং অন্যান্য সদস্য হইবেন।

(৪) অত্র বিধি-৭ প্রতিস্থাপিত হওয়া সত্ত্বেও, ইতোপূর্বে বলবৎ থাকা বিধি-৭ এর অধীনেকৃত কোন কার্য, অর্জিত কোন অধিকার বা চলমান কোন কার্যধারা ক্ষুণ্ন হইবে না এবং উহারা এমনভাবে বহাল থাকিবে, যেন অত্র বিধি প্রতিস্থাপিত হয় নাই ঃ

তবে শর্ত থাকে যে, পূর্ববর্তী বিধি-৭ এর অধীনে কোন আবদনকারী অত্র প্রতিস্থাপিত বিধির অধীনে নূতন করিয়া আবেদন করিতে অযোগ্য গণ্য হইবেন না।"

২। তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"তফসিল

[ বিধি ৩ দ্রষ্টব্য ]

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়ঃ সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অতিরিক্ত সচিব (ড্রাফটিং) | | যুগ্ম-সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে, মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (ড্রাফটিং) হিসাবে অন্যুন দুই বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ লেজিসলেটিভ ড্রাফটিং কাজে অন্যুন ১৮ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিগণের মধ্য হইতে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি ঃ<br>যুগ্ম-সচিব (ড্রাফটিং) পদে অন্যুন ৩ বৎসরের চাকুরী। |
| ২। | যুগ্ম-সচিব (ড্রাফটিং) | | উপ-সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি ঃ<br>উপ-সচিব (ড্রাফটিং) পদে অন্যুন ৫ বৎসরের চাকুরী।<br><br>প্রেষণে নিয়োগ ঃ<br>বি. সি. এস (বিচার) ক্যাডারের জেলা জজ বা সমপদের কোন কর্মকর্তা যাহার লেজিসলেটিভ ড্রাফটিং কার্যে অন্যুন ৫ বৎসরের অভিজ্ঞতা রহিয়াছে। |
| ৩। | উপ-সচিব (ড্রাফটিং) | | সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | পদোন্নতিঃ<br>সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) পদে অন্যুন ৫ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | প্রেষণে নিয়োগ ঃ বি, সি, এস(বিচার) ক্যাডারের অতিরিক্ত জেলা জজ বা সমপদের কোন কর্মকর্তা যাহার লেজিসলেটিভ ড্রাফটিং কার্যে অন্যূন ৩ বৎসরের অভিজ্ঞতা রহিয়াছে। |
| ৪। | সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)। | | সহকারী সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সহকারী সচিব (ড্রাফটিং) পদে অন্যূন ৫ বৎসরের চাকুরী। |
| | | | | প্রেষণে নিয়োগ ঃ বি, সি, এস (বিচার) ক্যাডারের সিনিয়র সহকারী জজ বা সমপদের কোন কর্মকর্তা যাহার লেজিসলেটিভ ড্রাফটিং কার্যে অন্যূন ১ বৎসরের অভিজ্ঞতা রহিয়াছে। |
| ৫। | সহকারী সচিব (ড্রাফটিং)। | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।" |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**নিশির কুমার চক্রবর্তী**
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।